

উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাবা বীনা রানী তালুকদার
সভাপতি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ।

সভার তারিখ : ০৮/০২/২০২২ সময় : ১১.১৫ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য (কপি সংযুক্ত)


সভাপতি উপস্থিত সকলকে উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচনা শুরু করার জন্য সদস্যবৃন্দকে আহ্বান জানান।

১। সভায় উপস্থিত উপজেলা মহিলা বিষয়ক অফিসার এর পক্ষে উপস্থিত প্রতিনিধি জানান যে, বাল্য বিবাহ একটি সামাজিক ব্যাধি, সামাজিক সচেতনতাই পারে বাল্য বিবাহ বন্ধ করতে। বাল্য বিবাহ রোধ সামাজিক সচেতনতাবৃদ্ধির লক্ষ্যে সরকারিভাবে বাল্য বিবাহ প্রতিরোধ আইন বিষয়ে কাজী, ইমাম, নিকা রেজিস্টার, পুরোহিত ও নির্বাচিত প্রতিনিধিদের জন্য একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজনের প্রস্তাব করেন।

এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়, আলোচনান্তে বাল্য বিবাহ প্রতিরোধ আইন বিষয়ে কাজী, ইমাম, নিকা রেজিস্টার, পুরোহিত ও নির্বাচিত প্রতিনিধিদের জন্য একটি প্রশিক্ষণ কর্মশালার প্রকল্প বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: ২০২১-২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) খাত হতে বাল্য বিবাহ প্রতিরোধ আইন বিষয়ে কাজী, ইমাম, নিকা রেজিস্টার, পুরোহিত ও নির্বাচিত প্রতিনিধিদের জন্য একটি প্রশিক্ষণ কর্মশালার প্রকল্প বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় প্রশিক্ষণ প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে উপজেলা পরিষদ সভায় উত্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, জামালগঞ্জকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(বীনা রানী তালুকদার)
সভাপতি


ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ।

স্মারক নং-৪৬.৪৬৯০৫০.০০০.০৬.০০৯.২০২১(৩০)

তারিখ : ০৮/০২/২০২২

অনুলিপি: সদয় অবগতি/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা নিবাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
- ৫। উপজেলা অফিসার (সকল), জামালগঞ্জ।
- ৬। চেয়ারম্যান,ইউপি (সকল), জামালগঞ্জ।


মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ।




উপজেলা পরিষদ মহিলা ও শিশু কমিটির সভার হাজিরা

সভার তারিখ : ৬/১১/২২ খ্রিঃ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর কার্যালয়

সভার সময় : ০২.২৬ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব কাজল চন্দ্র তালুকদার চেয়ারম্যান ফেনারবাঁক ইউপি	সদস্য	
০২	জনাব মাসুক মিয়া চেয়ারম্যান, সাঁচনা বাজার ইউপি	সদস্য	
০৩	জনাব আখতারুজ্জামান তালুকদার চেয়ারম্যান ভীমখালী ইউপি	সদস্য	
০৪	জনাব উপজেলা মহিলা বিষয়ক অফিসার জামালগঞ্জ, সুনামগঞ্জ।	সদস্য সচিব	